



## প্রেস রিলিজ

**বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ছিলেন একজন দৃঢ় চিন্তের অধিকারী মহীয়সী নারী**

-উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৮ আগস্ট ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদযাপিত হয়েছে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এর ৯২ তম জন্মবার্ষিকী। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ৮ আগস্ট বিকাল ৪ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল এ আলোচনা সভার আয়োজন করে। সভায় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। সভায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ছিলেন বঙ্গবন্ধুর একজন সহযোদ্ধা। বঙ্গবন্ধুর সকল কাজে উৎসাহ ও সহযোগিতা দিয়ে পাশে ছিলেন বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আপামর বাঙালীকে ঐক্যবদ্ধ করে মহান মুক্তিযুদ্ধে উদ্বুদ্ধ করতে যে গণজাগরণ সৃষ্টি করেছিলেন তার অন্তরালে অন্যতম ভূমিকায় ছিলেন বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব। উপাচার্য মহোদয় আরও বলেন, শুধু বঙ্গবন্ধুর সহধর্মিণী হিসেবেই নয় একইসাথে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ছিলেন একজন স্বতন্ত্র ব্যক্তিত্বের অধিকারী সাহসী নারী। তিনি ছিলেন একজন দৃঢ় চিন্তের অধিকারী মহীয়সী নারী। দেশের জন্য তাঁর অবদান ও আত্মত্যাগ প্রতিটি বাঙালী আজীবন কৃতজ্ঞ চিন্তে স্মরণ রাখবে। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট তাসনুভা হাবিব জিসানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বঙ্গবন্ধু হলের প্রভোস্ট মোঃ আরিফ হোসেন ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী। জুম প্রাটফর্মে অনুষ্ঠিত এ ভার্চুয়াল সভায় বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্ট, শিক্ষকমণ্ডলী, দপ্তরপ্রধান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ যুক্ত ছিলেন। সভাটি সঞ্চালনা করেন লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের আবাসিক শিক্ষক হোসেনয়ারা ডালিয়া।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়